



পাহাড়ের বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর ১১টি পরিবারের মাঝে ভেড়া বিতরণ

সীতাকুণ্ড (চট্টগ্রাম) প্রতিনিধি, চট্টগ্রাম সীতাকুণ্ডে পাহাড়ের বসবাসরত অবহেলিত পিছিয়ে পড়া ক্ষুদ্র নৃগোষ্ঠীর ১১টি পরিবারকে ২২টি উন্নত জাতের ভেড়া বিতরণ করা হয়েছে। গত মঙ্গলবার দুপুরে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের উদ্যোগে এসব বিতরণ করা হয়।

মঙ্গলবার এই বেড়া বিতরণকালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান এস এম আল মামুন, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. শাহদাত হোসেন, ১নং ইউনিয়ন চেয়ারম্যান এএইচ এমএ তাজুল ইসলাম নিজামী, ২নং বারৌয়াচালা চেয়ারম্যান রেহান উদ্দিন রেহান, ৬ নং চেয়ারম্যান মোর্শেদ চৌধুরী, প্রাণিসম্পদ কর্মকর্তা শাহজালাল মোহাম্মদ ইউনুচ, প্রযুক্তি।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা শাহজালাল মোহাম্মদ ইউনুচ বলেন, ‘সমতল ভূমিতে বসবাসরত উপজেলার সোনাইছড়ির ক্ষুদ্র নৃগোষ্ঠীগুলোর আর্থ সামাজিক ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রশাসন কাজ করছে। এরই অংশ হিসেবে দরিদ্র পরিবারগুলোকে সহায়তা দেওয়া হয়েছে।’